

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ ও উমরা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

এক মহিলা উমরাহ আদায়ে একাকিনী যেতে চায়। তাঁর এগানা আত্মীয় রিয়াদ এয়ারপোর্টে প্লেনে উঠিয়ে দিয়ে আসে এবং অন্য এগানা আত্মীয় জেদ্দা এয়ারপোর্ট থেকে তাকে উমরাহ করিয়ে অনুরূপ বাড়ী ফিরিয়ে দিলে তাতে কোন সমস্যা আছে কি?

উমরাহ বা অন্য কোন ইবাদতের সফর হলেও কোন মহিলার একাকিনী সফর বৈধ নয়। যেহেতু মহানবী (সঃ) বলেছেন, "কোন পুরুষ যেন কোন বেগানা নারীর সঙ্গে তাঁর সাথে এগানা পুরুষ ছাড়া অবশ্যই নির্জনতা অবলম্বন না করে। আর মাহরাম ব্যতিরেকে কোন নারী যেন সফর না করে।" এক ব্যক্তি আবেদন করল, "হে রাসুন! আমার স্ত্রী হজ্জ পালন করতে বের হয়েছে। আর আমি অমুক অমুক যুদ্ধে নাম লিখিয়েছি।" তিনি বললেন, "যাও, তুমি তোমার স্ত্রীর সঙ্গে হজ্জ কর।" ৩১৯ (বুখারী ও মুসলিম)

এখানে এ কথা বলা ঠিক নয় যে, প্লেনের সফর নিরাপদ। এক এয়ারপোর্টে চড়ে পরবর্তী এয়ারপোর্টে সহজেই নামতে পারবে। কারণ হাদীসে সে শর্ত আরোপ করা হয়নি যে, সফর বিপদজ্জনক হলে মহিলা এগানা পুরুষ ছাড়া সফর করতে পারবে না। ৩২০ (ইবনে উষাইমীন)

Source — https://www.hadithbd.com/books/link/?id=233

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন